# উচ্চমাধ্যমিক বাংলা সাজেশন ২০২২

## www.shekhapora.com

## [ গল্প ]

### * কে বাঁচায় কে বাঁচে

১। ‘নিখিল ভাবছিল বন্ধুকে বুঝিয়ে বলবে, এ ভাবে দেশের লোককে বাঁচানো যায় না।”—কোন প্রসঙ্গে নিখিলের এই ভাবনা ? এই ভাবনার মাধ্যমে নিখিলের চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে ? (২০১৬) ১+৪

অথবা , 'কে বাঁচায় কে বাঁচে' গল্প অবলম্বনে নিখিল চরিত্রের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

২। " কে বাঁচায় কে বাঁচে" গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৫

৩। " *মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়* " --- মৃত্যুঞ্জয় কে ? তার বাড়ির অবস্থা শোচনীয় কেন ? ১+৪

৪। "কে বাঁচায় কে বাঁচে" গল্প অবলম্বনে টুনুর মা চরিত্রটির ভূমিকা আলোচনা করো। ৫

### *ভাত

১। “বাদার ভাত খেলে তবে তো সে আসল বাদাটার খোঁজ পেয়ে যাবে একদিন।”—বাদা’ কাকে বলে ? উদ্দিষ্ট ব্যক্তির এই রকম মনে হওয়ার কারণ কী ? (২০১৬,২০১৯) ১+৪

২। “এ সংসারে সব কিছুই চলে বড়ো পিসিমার নিয়মে।”—বড়ো পিসিমা কে? গল্পে তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ?(২০১৮) ১+৪

৩। “যা আর নেই, যা ঝড়-জল-মাতলার গর্ভে গেছে তাই খুঁজে খুঁজে উচ্ছব পাগল হয়েছিল।” –দুর্যোগটির বর্ণনা দাও। দুর্যোগটি উচ্ছবকে কীভাবে প্রভাবিত করেছিল ?(২০১৭) ৩+২

অথবা , "সকাল হতেই বোঝা গিয়েছিল সর্বনাশের বহরখানা " -- কার সর্বনাশ ? 'সর্বনাশের বহর'-এর পরিচয় দাও । ১+৪

অথবা, মহাশ্বেতা দেবীর 'ভাত ' গল্প অবলম্বনে ঝড়-জল-বন্যার রাতটির বর্ণনা দাও । ৫

৪। 'ভাত' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো । ৫

## *ভারতবর্ষ

১। “সেই সময় এল এক বুড়ি।” – লেখক বুড়ির সম্পর্কে যে বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।( ২০১৯) ৫

২। বুড়ির শরীর উজ্জ্বল রোদে তপ্ত বালিতে চিত হয়ে পড়ে রইল।”— বুড়ির চেহারা ও পোশাকের পরিচয় দাও। তার তপ্ত বালিতে পা পড়ে থাকার কারণ কী ? (২০১৭) ২+৩

৩। " কতক্ষণ সে এই মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে ......" -- 'সে' বলতে কার কথা বলা হয়েছে ? জনতা মারমুখী হয়ে উঠেছিল কেন ? ১+৪

অথবা, "দেখতে দেখতে উত্তেজনা ছড়াল চারদিকে । " -- প্রসঙ্গ উল্লেখ করে উত্তেজনাপুর্ণ ঘটনার বিবরণ দাও । ৫

৪। " শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল ।" -- কার কথা বলা হয়েছে ? সে ক্রমশ আবছা হয়ে গেল কেন ? ১+৪

৫। " আমি কী তা দেখতে পাচ্ছিস নে ? " -- কোন প্রশ্নের উত্তরে বক্তা এ কথা বলেছিল ? গল্পানুসারে বক্তার স্বরূপ ব্যাখ্যা করো ।

অথবা, 'ভারতবর্ষ' গল্প অবলম্বনে বৃদ্ধার স্বরূপ ব্যাখ্যা করো ।

অথবা, 'ভারতবর্ষ' গল্পের অন্তর্নিহিত বক্তব্যটি নিজের ভাষায় লিখ ।

৬। 'ভারতবর্ষ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

# [ কবিতা ]

## রূপনারানের কূলে

১ ‘মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে” – বক্তা কে? ‘মৃত্যুতে সকল দেনা’ বলতে কী বোঝানো হয়েছে ? সে ‘দেনা’কীভাবে শোধ করতে চেয়েছিলেন কবি ?(২০১৯) ১+১+৩

২। “রূপ-নারানের কূলে / জেগে উঠিলাম,”—কে জেগে উঠলেন? জেগে ওঠার আসল অর্থ কবিতাটির মধ্যে কীভাবে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে দাও। (২০১৭) ১+৪

## আমি দেখি

১।“আরোগ্যের জন্যে ঐ সবুজের ভীষণ দরকার” – “ঐ সবুজ’ বলতে কবি কী বুঝিয়েছেন? সেই সবুজকে পাওয়ার জন্য কবি কী কী নির্দেশ দিয়েছেন ?(২০১৯) ১+৪

২। “আমার দরকার শুধু গাছ দেখা”—বক্তা কে? তার গাছ দেখা দরকার কেন ?(২০১৬) ১+৪

## ক্রন্দনরতা জননীর পাশে

১। ২ “আমি তা পারি না।”— কবি কী পারেন না? “যা পারি কেবল”– কবি কী পারেন ? (২০১৮) ৩+২

# [ নাটক ]

## বিভাব

১। “জীবন কোথায়?” – কে, কাকে বলেছেন? বক্তা জীবনকে কোথায় খুঁজে পাওয়া যাবে বলে মনে করেন ?(২০১৯) ১+১+৩

অথবা, " কোথাও জীবনের খোরাক হাসির খোরাক নেই" -- বক্তা কে ? এরকম মনে করেছেন কেন ? ১+৪

২। ‘বিভাব’ কথাটির সাধারণ অর্থ কী? ‘বিভাব’ নাটকটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ, আলোচনা করো।(২০১৮) ১+৪

অথবা, "আমাদের মনে হয় এর উচিত অভাব নাটক "-- অভাবের চিত্র কীভাবে নাটকে প্রকাশ পেয়েছে লেখ। প্রসঙ্গত এর নামকরণের সার্থকতা কোথায় তা লিখ। ৩+২

৩। “আর একবার এক মারাঠি তামাশায় দেখেছিলাম”—বক্তা মারাঠি তামাশায় কী দেখেছিলেন ? বক্তা কোন প্রসঙ্গে মারাঠি তামাশার কথা বলেছিলেন ?(২০১৬) ৪+১

৪। ' বিভাব' নাটকে যে অভিনবত্ব প্রকাশ পেয়েছে নাটকটি বিশ্লেষণ করে আলোচনা করো।

৫। "বুদ্ধিটা কী করে মাথায় এলো তা বলি" -- 'বুদ্ধি' বলতে কী বোঝানো হয়েছে ? বুদ্ধি কেমন করে এসেছিল ? ১+৪

নানা রঙের দিন

১।“..প্রাক্তন অভিনেতা রজনী চাটুজ্জের প্রতিভার অপমৃত্যুর করুণ সংবাদ!” – কে বলেছেন ? এই অপমৃত্যু কীভাবে ঘটে বলে বক্তা মনে করেন ?(২০১৯) ১+৪

২। “আমি রোজ লুকিয়ে লুকিয়ে গ্রিনরুমে ঘুমোই চাটুজ্জেমশাই- কেউ জানে না”—কোন নাটকের অংশ? বক্তা কে? তিনি কেন গ্রিনরুমে ঘুমান ?(২০১৮) ১+১+৩

৩। ‘নানা রঙের দিন’ একাঙ্ক নাটক হিসেবে কতখানি সার্থক আলোচনা করো। (২০১৭)

৪। “অভিনেতা মানে একটা চাকর—একটা জোকার, একটা ক্লাউন। লোকেরা সারাদিন খেটেখুটে এলে তাদের আনন্দ দেওয়াই হল নাটক-ওয়ালাদের একমাত্র কর্তব্য।” – বক্তার কথার তাৎপর্য আলোচনা করো।(২০১৬) ৫

## [ ভারতীয় গল্প ও আন্তর্জাতিক কবিতা ]

## অলৌকিক

১। “অবাক-বিহ্বল বসে আছি, মুখে কথা নেই।” – মুখে কথা নেই কেন ? (২০১৯) ৫

২। ‘অলৌকিক’ গল্পে হাত দিয়ে পাথরের চাই থামানোর ঘটনাটি লেখক প্রথমে বিশ্বাস করেননি কেন? পরে কীভাবে সেই ঘটনা তার কাছে বিশ্বাসযোগ্য হয়ে উঠল ?(২০১৮) ২+৩

৩। “চোখের জলটা তাদের জন্য।”- বক্তা কাদের জন্য চোখের জল উৎসর্গ করেছেন ? যে ঘটনায় বক্তার চোখে জল এসেছিল সেই ঘটনাটি সংক্ষেপে লেখো।(২০১৭) ৫

৪। “ঝড়ের বেগে ছুটে আসা ট্রেন থামানো গেল, পাথরের চাই থামানো যাবে না কেনো? "| —ট্রেন থামানোর দরকার হয়েছিল কেন? ট্রেন কিভাবে থামানো হয়েছিল ?(২০১৬) ৪+১

## পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন

১। “ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার। একলাই না কি ? ” – আলেকজান্ডার কে ছিলেন ? ‘একলাই না কি' বলতে কবি কী বুঝিয়েছেন ?(২০১৯) ১+৪

২। “কে আবার গড়ে তুলল এতবার?”– কী গড়ে তোলার কথা বলা হয়েছে? এই প্রশ্নের মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন ?(২০১৮) ১+৪

৩। “বইয়ে লেখে রাজার নাম।/ রাজারা কি পাথর ঘাড়ে করে আনত?”—কারা, কেন পাথর ঘাড়ে করে এনেছিল। (২০১৭) ১+৪

৪। “পাতায়-পাতায় জয় / জয়োৎসবের ভোজ বানাত কারা ?”—পাতায় পাতায় কাদের জয় লেখা ? ‘জয়োৎসবের ভোজ’ যারা বানাত তাদের প্রতি কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে ? (২০১৬)

অথবা, 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতায় কবি কী কী প্রশ্ন রেখেছেন ? ৫

# পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থঃ

## "আমার বাংলা "

### ছাতির বদলে হাতি

১। "নতুন ছাতি মাথায় দিয়ে মহাফুর্তিতে বাড়ির দিকে সে চলল।" – কার কথা? সে নতুন ছাতি কীভাবে পেল ? (২০১৯) ১+৪

২। "তাতে চেংমানের চোখ কপালে উঠল।"—চেংমান কে ? তার চোখ কপালে ওঠার কারন কী ?(২০১৭) ১+৪

৩। "ছিল জোতদার আর তালুকদারের নিরঙ্কুশ শাসন।"— শাসন সম্পর্কে লেখক কী জানিয়েছেন তা নিজের ভাষায় লেখো। (২০১৮)

৪। "কিন্তু হাতি - বেগার আর চলল না।"—হাতি-বেগার আইন কী ? তা আর চলল না কেন ?(২০১৬) ৩+২

### কলের কোলকাতা

১। "অমনি মনের মধ্যে গুনগুনিয়ে উঠল মার কাছে শেখা গান :" – মার কাছে শেখা গানটি কী? কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন লেখক ?(২০১৯)  ১+৪

২। হঠাৎ একদিন ক্ষেপে উঠল কলের কলকাতা। --"কলকাতার ক্ষেপে  ওঠা' বলতে কী বোঝানো হয়েছে ? কলকাতার ক্ষেপে ওঠার ফল কী হয়েছিল ?(২০১৭) ২+৩

৩। মোনা ঠাকুরের চোখে কলের কলকাতার বর্ণনা দাও। ৫

### হাত বাড়াও

১। "তোমরা হাত বাড়াও তাকে সাহায্য করো।"—লেখক কাকে কীভাবে, কেন সাহায্য করতে বলেছেন ?(২০১৬) ১+১+৩

২। " সরু লিকলিকে আঙুল দিয়ে সেইসব খুনিদের শনাক্ত করছে । " --- কে শনাক্ত করছে ? কাদের, কেন খুনী বলা হয়েছে ?

# [ ভাষা ]

## ভাষাবিজ্ঞান ও তার শাখা

১ ফলিত ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির উল্লেখ করে যে-কোনো একটি শাখার আলোচনা করো। (২০১৯) ২+৩

## ধ্বনিতত্ত্ব

১। উদাহরণ সহ যুক্তধ্বনির পরিচয় দাও। (২০১৬,২০১৯) ৫

২।অবিভাজ্য ধ্বনি কাকে বলে ? দুটি অবিভাজ্য ধ্বনির পরিচয় দাও। (২০১৮) ১+২+২

৩। উদাহরণসহ গুচ্ছধ্বনির পরিচয় দাও। ৫

## রূপতত্ত্ব

১। রূপমূল কাকে বলে ? উদাহরণসহ স্বাধীন ও পরাধীন রূপমূলে পরিচয় দাও।(২০১৭) ১+২+২

২।প্রত্যয় কাকে বলে ? ব্যবহারিক প্রয়োগের অবস্থান অনুযায়ী প্রত্যয়কে কয়টি ভাগে ভাগ করা যায় ও কী কী ? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও । ১+ ২+২

৩। উদাহরণ দিয়ে মূণ্ডমাল শব্দ ও সংক্ষেপিত পদ বা ক্লিপিংস বুঝিয়ে দাও । ২-১/২+ ২-১/২

## বাক্যতত্ত্ব

১। গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার? যে-কোনো এক প্রকারের উদাহরণসহ পরিচয় দাও ?(২০১৬) ২+৩

২।বাক্যের অধোগঠন ও অধিগঠন প্রক্রিয়া বুঝিয়ে দাও ।

# বাঙালির শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস

## বাংলা গানের ধারা

১। বাংলা গানের ধারায় রজনীকান্ত সেনের অবদান আলোচনা করো। (২০১৮)

২। বাংলা গানের ধারায় সলিল চৌধুরীর বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো।(২০১৯)

৩।বাংলা সংগীতের ধারায় কাজী নজরুল ইসলামের অবদান আলোচনা করো। (২০১৭)

৪। বাংলার দুটি লোকসংগীতের ধারার নাম লেখো। যে-কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।(২০১৬) ২+৩

৫।বাংলা গানের ধারায় অতুল প্রসাদ সেন এর অবদান আলোচনা করো ।

৬।বাংলা গানের ধারায় রবীন্দ্রনাথের ভূমিকা আলোচনা করো ।

## বাঙালির চিত্রকলা

১। চিত্রকলা-চর্চায় শিল্পাচার্য নন্দলাল বসুর স্থান নিরূপণ করো।(২০১৮)

২। বাঙালির চিত্রকলা চর্চার ধারায় অবনীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।(২০১৬) ৫

৩। বাঙালির চিত্রকলা চর্চায় রামকিংকর বেইজ এর অবদান আলচনা করো।

৪। বাঙালির চিত্রকলা চর্চায় যামিনী রায়ের অবদান আলোচনা করো ।

## বাংলা চলচিত্রের কথা

১। বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক মৃণাল সেনের অবদান আলোচনা করো। (২০১৯)

২। বাংলা চলচ্চিত্র ধারায় পরিচালক ঋত্বিক ঘটকের অবদান আলোচনা করো।(২০১৭)

৩। বাংলা তথ্যচিত্রের পরিচয় দিয়ে হীরালাল সেন এর অবদান আলোচনা করো।

৪। বাংলা চলচ্চিত্র ধারায় পরিচালক সত্যজিৎ রায়ের অবদান আলোচনা করো।

## বাঙালির বিজ্ঞানচর্চা

১ বাংলা চিকিৎসাবিজ্ঞানে কাদম্বিনী (বসু) গঙ্গোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। (২০১৯)

২। বাঙালির বিজ্ঞান ভাবনা ও বিজ্ঞান চর্চার ইতিহাসে জোড়াসাঁকো ঠাকুরবাড়ির অবদান আলোচনা করো।(২০১৮)

৩। চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে বিধানচন্দ্র রায়ের অবদান আলোচনা করো। (২০১৭)

৪। বাঙালির বিজ্ঞানচর্চার ইতিহাসে আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের অবদান আলোচনা করো।(২০১৬) ১+৪

৫। বিজ্ঞানচর্চার ইতিহাসে জগদীশ চন্দ্র বসুর অবদান আলোচনা করো ।

## বাঙালির ক্রীড়া সংস্কৃতি

১। আন্তর্জাতিক স্তরে সুনাম অর্জন করেছেন, এমন একজন বাঙালি ক্রীড়াবিদের কৃতিত্বের পরিচয় দাও।(২০১৯)

২। কলকাতায় বাঙালির প্রচেষ্টায় গড়ে ওঠা প্রথম স্বদেশি সার্কাসের নাম লেখো। সার্কাসে বাঙালির অবদানের সংক্ষিপ্ত পরিচয় দাও।(২০১৬) ১+৪

৩। পুরান মত অনুযায়ী দাবা খেলার স্রষ্টা কে ? দাবা খেলায় বাঙালির কৃতিত্বের পরিচয় দাও । ১+৪

৪। ব্রতচারীর স্রষ্টা কে ? বাংলায় ব্রতচারীর ভূমিকা আলোচনা করো । ১+৪

৫। বাঙালির ক্রীড়া ঐতিহ্যে ফুটবলের সূত্রপাত কীভাবে হয়রছিল ? এই পর্বের ফুটবলের সঙ্গে কোন বিখ্যাত ব্যক্তিত্বের নাম জড়িয়ে আছে ? বাংলা ফুটবলের কোন ঘটনা কীভাবে ভারতের জাতীয়তাবাদী আন্দলনকে উজ্জীবিত করেছিল ? ১+১+৩

অথবা, বাংলা দেশে ফুটবল খেলার সূচনা কীভাবে হয়েছিল ? ফুটবলের ইতিহাসে বাঙালির অবদান আলোচনা করো।

**For More Please Visit :- www.shekhapora.com**

শেখাপড়া.COM